# FIRST INFORMATION REPORT



N.C.R.B. Form No. 27

First information of a cognizable crime reported under section154 Cr. P. C. at P.S.

1. Dist. Purba MDP. Sub-Divn. Contai P.S. Mandermoni Coastal Year 2017 FIR NO 26/17 Date. 1/7/17
2. i) Act IPC Section 341/323/325/ i) Act ................ Sections ................
2. ii) Act ................ Section 326/506/509/307/34 iv) Other Act & Sections ................
3. a) General Diary Reference : Entry No. 20 Time 16:15 hrs
   b) Occarrence of Offence : Day Wednesday Date 28/6/17 Time at about 9:00 hrs
   c) Information received Date 1/7/17 Time 16:15 hrs
   G.D. No. 20 at the Police Station : MMC PS.
4. Type of Information. Written / Oral Written
5. Place of Occurrence a) Direction and Distrance from P. S. South-West 23 KM Approx from PS.
   b) Address Chandpur, P.O- Bodhra, JL NO- 237, Anchal- Tajpachari- II G.P Block-I (RMG) PS- Mandermoni Coastal, Dist- Purba MDP.
   c) In cash outside limit of this Police Station, then the name of P.S. ................
   District ................
6. Complaint /Informant :
   a) Name Sri Gopal Dolai
   b) Father's / Husband's Name Abhimannu Dolai
   c) Date/Year of Birth Not Noted.
   d) Nationality Indian
   e) Address Vill- Chandpur, PS- Mandermoni Coastal, Dist- Purba MDP.
7. Detaiuls Known/Suspected/Unknown/Accused with full particulars (Attach separate sheet, if necessary) (I) Manik Maharurth S/o Lt- Narayan Maharurth (II) Goutam Bera S/o
8. Reasons for dealy in reporting by the Complaint/Informant Sudhanshu Bera (III) Manik Bera S/o- Paramangshu Bera (IV) Sankar Mathi S/o Lt- Jibon Mathi (V) Sankar Bera S/o- Paramangshu Bera (VI) Sambhu Bera S/o- Shitangshu (VII) Suranjan Borai
9. Particular of properties stolen / involved : (Attach separete sheet, if required) : S/o Lt- Sudhir Borai (VIII) Mrityunjoy Bera S/o Lt- Ramesh Bera (IX) Jonmey Jay Bera S/o Lt- Ramesh Bera (X) Ramani Mathi S/o Lt- Jibon Mathi (XI) Suprakash Mathi S/o- Sankar Mathi (XII) Sudam Bera S/o- Laxman Bera (XIII) Uttam Bera S/o- Sudhanshu Bera (XIV) Ajoy Mathi S/o- Ramani Mathi (XV) Chandan Kr. Mathi S/o Lt- Krishna Prasad
10. Total value of Properties stolen / involved : Mathi (XVI) Shitangshu Bera S/o- Baikuntha Bera
11. Inquest report / U.D. : Case No. if any : (XVII) Binod Mathi S/o Lt- Bidhyadhar Mathi (XVIII) Paramangshu Bera S/o- Baikuntha Bera all of Jatdha, PS- MMC.
12. FIR Contents : (Attach separate sheets, if required) : Dist- Purba MDP

The original written complaint which is treated as FIR is attached here with.

DR NO- 1013/17
2/7/17

13. Action taken : Since the above report reveals commission of offence (s) u/s 341/323/325/326/506/509/307/34 IPC.

register the case and ~~took up the investigation~~/directed SI. Anup Kr. Raj to take up the investigation

transferred to P. S. ................ on point of jurisdiction FIR read over to the Complaint / informant. admitted to be correctly recorded and given to the Complainant/Informant free of cost.

(signature)

Signature / Thumb Impression of the Complainant /Informant

(signature) 1/7/17

Signature of the Office-in-charge, Police Station with

Name Raj Kumar Debnath

Rank SI of Police (O.C. MMC PS)

Number, if any 1/7/17

Officer-in-charge
Mandermani Costal P S
Purba Medinipur

To
The O/C, Mandarmoni Coastal Police Station,
At + P.O. Dadanpatrabarh,
Dist.-Purba Medinipur.

মহাশয়,

আমি শ্রী গোপাল দলাই, বয়স-৩০ বৎসর, পিতা-শ্রী অভিমন্যু দলাই, সাং- চাঁদপুর, পোঃ- বোধরা, থানা-মান্দারমণি কোস্টাল, জেলা - পূর্ব মেদিনীপুরের একজন স্থায়ী অধিবাসী হইতেছি।

নিবেদন এই যে, জলধা চাঁদপুর ট্যুরিজম স্থানের সন্নিকটস্থ চাঁদপুর মৌজায় সরকারী NREGS প্রকল্পে সরকারীভাবে পতিত জায়গা ভরাট করিয়া সরকার বাহাদুর গাড়ী পার্কিং-এর ব্যবস্থা করিয়াছে। উক্ত জায়গায় জলধা গ্রামের নিম্নের তপশীল আসামীগন অবৈধভাবে উক্ত স্থলে জবরদখল করিয়া দোকান ঘর স্থাপন করিয়াছে ও কতিপয় সমাজবিরোধীদের সান্নিধ্যে রাত্রির অন্ধকারে সমস্ত প্রকার বেআইনী কার্য্যকলাপ সহ দিনের বেলায় বিভিন্নভাবে তোলাবাজী করিয়া আসিতেছে। গত ইং- ২৮/০৬/২০১৭ তারিখে সকাল আনুমানিক ৯টার সময় আমার মা গিরিবালা দলাই সহ ভাইঝি পিঙ্কি দলাই, পিতা-স্বপন দলাই, বয়স- ১৭ বৎসর, গ্রাম- জলধা, পোঃ- বোধড়া, থানা- মান্দারমণি কোস্টাল,জলধা চাঁদপুর সী-বীচ বরাবর বাড়ির দিকে যাওয়ার পথে দলবদ্ধভাবে থাকা তপশীল আসামীগনের মধ্যে ১ হইতে ৬নং পর্যন্ত আসামীগন ভাইঝি পিঙ্কি দলাইকে উদ্দেশ্য করিয়া কুরুচিপূর্ণ ভাষা সহ কু-ইঙ্গিত ও কুপ্রস্তাব করিতে থাকিলে আমার মা তাহার প্রতিবাদ করিতে গেলে আসামীরা অশ্রাব্য ভাষায় গালিগালাজ সহ প্রাননাশের ধমকাদি দেওয়ায় তাহারা একাকী প্রান ভয়ে নাবালিকা ভাইঝিকে লইয়া বাড়ি ফিরিয়া আসিয়া ঘটনার কথা আমি সহ প্রতিবেশীদের জানাইলে আমরা কতিপয় ব্যাক্তি সহ আমার মা ও ভাইঝি পিঙ্কিকে লইয়া আসামীগনের সম্মুখে গিয়া জিজ্ঞাসাবাদ করিলে তাহারা অধিক ক্রোধান্বিত হইয়া তাহাদের নির্মিত দোকান হইতে লোহার রড, ধারালো কাতান সহ অন্যান্য অস্ত্রশস্ত্র বাহির করিয়া আমাদের দিকে তাড়া করিয়া আমাদেরকে লক্ষ্য করিয়া পড়ে থাকা পাথরের টুকরো, ভাঙ্গা ইট, মদের বোতল ও সোডার বোতল লইয়া ছুঁড়িতে ছুঁড়িতে অগ্রসর হইয়া আসে। পাথর, ইট ও বোতলের আঘাতে নিম্নের স্বাক্ষীগন আহত হইয়া ছুটিয়া পালাইলেও ১১ বৎসরের এক স্কুল ছাত্র যাহার নাম জয় শাসমল, গ্রাম-সিঁয়ারী, পোঃ- প্রতাপদিঘী, থানা-ভূপতিনগর, বোধড়াতে তাহার দাদু বেনীমাধব জানার বাড়ীতে থেকে জলধা হরিজন প্রাথমিক বিদ্যালয়ে পড়াশোনা করে। ঐ জয় শাসমল বিদ্যালয়ে যাওয়ার পথে এই সমস্ত দুষ্কৃতি আসামীদের কবল হইতে রক্ষা পায়নি। পরন্তু তাদের ছোঁড়া বোতল ও ইটের আঘাতে গুরুতর আহত হয়। তাহা দেখিয়া স্বাক্ষীগন ছুটিয়া পালাইলেও আমার মা ও ভাইঝি পিঙ্কি দলাই তাহারা মহিলা হওয়ায়, জোরে ছুটিতে না পারায় আসামীগন তাহাদেরকে ধরিয়া ফেলে ও ১নং আসামীর হাতে থাকা ধারালো কাতান দিয়া আমার মাকে প্রানে মারিয়া ফেলিবার উদ্দেশ্যে মাথা লক্ষ্য করিয়া সজোরে আঘাত করিলে মাথা কাটিয়া রক্তক্ষরণ হওয়া স্বত্ত্বেও ১নং আসামী লোহার রড দিয়া বেধড়কভাবে শরীরের বিভিন্ন জায়গায় আঘাত করিয়া রক্তাক্ত জখম সহ বাঁহাত খানি ভাঙ্গিয়া দিলে আমার মা জ্ঞানশূন্য হইয়া মাটিতে লুটাইয়া পড়ে। আমার মায়ের উক্তরূপ অবস্থা দেখিয়া ভাইঝি পিঙ্কি দলাই চিৎকার করিতে গেলে তাহাকেও ১/২/৩ নং আসামীগন তাহার মাথায় ধারালো কাতানের আঘাত সহ শরীরের বিভিন্ন জায়গায় কিল, চড়, ঘুষি ও লাথি আদির দ্বারা রক্তাক্ত জখম করিয়া প্রানে মারিয়া ফেলিবার চেষ্টা সহ ২নং আসামী দুহাত দিয়া গলা টিপিয়া শ্বাসরোধ করিবার চেষ্টা করে। নিম্নোক্ত স্বাক্ষীগন তাহাদের উক্তরূপ অবস্থা দেখিয়া আবার ফিরিয়া গিয়া আমার মা ও পিঙ্কি দলাইকে বাঁচাইতে গেলে তপশীল আসামীগন ১নং স্বাক্ষীকে ধরিয়া ফেলিয়া ১ নং আসামী তাহার মাথায় লোহার রড দিয়া আঘাত করিয়া মাথা ফাটাইয়া দেয়, ২নং স্বাক্ষীকেও তদ্রুপ ৪নং আসামী ধারালো অস্ত্র দিয়া কান

Received on 1/7/17 at 16:15 hrs. and started MMC. PS case No 26/17 dt- 1/7/17 U/s -341/323/325/326/506/509/307/34 IPC

1/7/17
Officer-in-charge
Mandermani Costal PS
Purba Medinipur

কাটিয়া দেয় এবং কিল, চড়, ঘুষির আঘাতে দাঁত হইতে রক্তক্ষরণ করিয়া দেয় ও অন্যান্য স্বাক্ষীদের সমস্ত আসামীরা একযোগে দলবদ্ধভাবে বিভিন্নভাবে আঘাত করিয়া জখম করিয়া দেয়। আসামীদের উক্তরূপ ঘটনা পরপর জানাজানি হওয়ায় গ্রামবাসীরা চিৎকার করিয়া ছুটিয়া আসিলে আসামীগন উক্ত স্থল হইতে পালাইয়া যায়। গ্রামবাসীরা উক্ত স্থলে না আসিয়া পড়িলে আমার মা সহ ভাইঝি পিঙ্কি দলাইকে প্রানে মারিয়াই ফেলিত। আমার মা সহ ভাইঝি পিঙ্কি দলাই ও ১নং স্বাক্ষীর অবস্থা খুবই আশঙ্কাজনক হওয়ায় গ্রামবাসীদের সহযোগিতায় সঙ্গে সঙ্গে বালিসাই বড়রাঙ্কুয়া হাসপাতালে লইয়া আসিলে ডাক্তারবাবু আমার মা ও পিঙ্কি দলাইয়ের অবস্থা গুরুতর হইয়াছে দেখিয়া তাহাদেরকে কাঁথি সদর দারুয়া হাসপাতালে রেফার করিয়া দিলে বর্তমানে কাঁথিতে হাসপাতালে ভর্ত্তি থাকিয়া মৃত্যুর সহিত পাঞ্জা লড়িতেছে এবং আমার মায়ের অবস্থা আরোও আশঙ্কজনক হওয়ায় কাঁথি হাসপাতালের ডাক্তারবাবু সুচিকিৎসার জন্য অন্যত্র রেফার করিয়া দিয়াছেন। তৎসহ ১নং স্বাক্ষী সহ অন্যান্য স্বাক্ষীরা কাঁথি হাসপাতালে আসিয়া ডাক্তারবাবুর নিকট চিকিৎসা হয়।

অতএব মহাশয়ের নিকট আমার বিনীত প্রার্থনা যে, নিম্নের তপশীল আসামীগনের এইরূপ বেআইনী কার্য্যকলাপসহ অন্যায়ভাবে আমার মা এবং ভাইঝি পিঙ্কি দলাইকে প্রানে মারিয়া ফেলিবার চেষ্টার ঘটনায় তদন্তপূর্ব্বক দোষী ব্যক্তিগণের বিরুদ্ধে প্রয়োজনীয় দৃষ্টান্তমূলক শাস্তি সহ আইনানুগ ব্যবস্থা গ্রহন করিলে চিরকৃতজ্ঞ থাকিব।

তাং-০১/০৭/২০১৭

ইতি
বিনীত
[signature]
(8768945121)

**তপশীল আসামীগনের নাম ও ঠিকানা :-**

১। মানিক মহাকুড়, পিতা-ঁনারায়ন মহাকুড়,
২। গৌতম বেরা, পিতা- সুধাংশু বেরা,
৩। মানিক বেরা, পিতা- পরমাংশু বেরা,
৪। শঙ্কর মাঝি, পিতা-ঁজীবন মাঝি,
৫। শঙ্কর বেরা, পিতা- পরমাংশু বেরা,
৬। শম্ভু বেরা, পিতা- সীতাংশু বেরা,
৭। সুরঞ্জন বড়াই, পিতা-ঁসুধীর বড়াই,
৮। মৃত্যুঞ্জয় বেরা, পিতা-ঁরমেশ বেরা,
৯। জম্মেঞ্জয় বেরা, পিতা-ঁরমেশ বেরা,
১০। রমনী মাঝি, পিতা-ঁজীবন মাঝি,
১১। সুপ্রকাশ মাঝি, পিতা- শঙ্কর মাঝি,
১২। সুদাম বেরা, পিতা- লক্ষ্মন বেরা,
১৩। উত্তম বেরা, পিতা- সুধাংশু বেরা,
১৪। অজয় মাঝি, পিতা- রমণী মাঝি,
১৫। চন্দন কুমার মাঝি, পিতা-ঁকৃষ্ণপ্রসাদ মাঝি,
১৬। সীতাংশু বেরা, পিতা- বৈকুন্ঠ বেরা,
১৭। বিনোদ মাঝি, পিতা-ঁবিদ্যাধর মাঝি,
১৮। পরমাংশু বেরা, পিতা- বৈকুন্ঠ বেরা,
সর্ব্ব সাং- জলধা, পোঃ- বোধড়া, থানা- মান্দারমণি কোস্টাল,
জেলা- পূর্ব মেদিনীপুর। এবং আরোও অনেকে।

**স্বাক্ষীগণের নাম ও ঠিকানা :-**

১। দয়াল জানা, পিতা-ঁচিন্তামণি জানা, সাং- ও পোঃ- বোধড়া,
২। নিমাই জানা, পিতা- শ্রী ভুবন জানা, সাং- চাঁদপুর, পোঃ- বোধড়া,
৩। অরুন দলাই, পিতা-ঁবনমালী দলাই, সাং- চাঁদপুর, পোঃ- বোধড়া,
৪। রামচন্দ্র জানা, পিতা-সুভাষ জানা, সাং- জলধা, পোঃ- বোধড়া,
৫। তপন দলাই, পিতা- চন্দন দলাই, সাং- চাঁদপুর, পোঃ- বোধড়া,
সর্ব্ব- থানা- মান্দারমণি কোস্টাল, জেলা- পূর্ব মেদিনীপুর
এবং আরোও অনেকে।